গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)
৯২-৯৩, মহাখালী বা/এ, ঢাকা-১২১২
www.ddm.gov.bd

তারিখ: ১ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ
১৬ আগস্ট ২০২৪ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.২৩.২১৮

বিষয়: **দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।**

১। আবহাওয়ার সতর্কবার্তা:

উত্তরপশ্চিম বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন গাঙ্গেয় পশ্চিমবঙ্গ বাংলাদেশ উপকূলীয় এলাকায় একটি লঘুচাপ তৈরী হয়েছে। এর প্রভাবে উত্তর বঙ্গোপসাগর এলাকায় গভীর সঞ্চালনশীল মেঘমালা তৈরী হচ্ছে। উত্তর বঙ্গোপসাগর, বাংলাদেশের উপকূলীয় এলাকা এবং সমুদ্র বন্দরসমূহের উপর দিয়ে দমকা/ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে।

চট্টগ্রাম, কক্সবাজার, মোংলা ও পায়রা সমুদ্র বন্দরসমূহকে ০৩ (তিন) নম্বর পুনঃ ০৩ (তিন) নম্বর স্থানীয় সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে।

উত্তর বঙ্গোপসাগরে অবস্থানরত মাছ ধরার নৌকা ও ট্রলারসমূহকে পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত উপকূলের কাছাকাছি এসে সাবধানে চলাচল করতে বলা হয়েছে।

২। আজ ১৬ আগস্ট, ২০২৪ খ্রি: তারিখ সকাল ০৯:৩০ টা থেকে সন্ধ্যা ০৬ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দরসমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাসঃ

ঢাকা, ফরিদপুর, খুলনা, বরিশাল, পটুয়াখালী, নোয়াখালী, কুমিল্লা, চট্টগ্রাম এবং কক্সবাজার অঞ্চলের উপর দিয়ে দক্ষিণ/দক্ষিণ পূর্ব দিক থেকে ঘন্টায় ৪৫-৬০ কি.মি. বেগে অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়াসহ বৃষ্টি/বজ্রবৃষ্টি হতে পারে। এসব এলাকার নদীবন্দর সমূহকে ০১ নম্বর (পুনঃ) ০১ নম্বর সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে।

৩। আজ ১৬ আগস্ট, ২০২৪ খ্রিঃ তারিখ সকাল ০৯ টা থেকে পরবর্তী ৭২ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাস:

সিনপটিক অবস্থা: উত্তরপশ্চিম বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন গাঙ্গেয় পশ্চিমবঙ্গ-বাংলাদেশের উপকূলীয় এলাকায় একটি লঘুচাপ তৈরী হয়েছে। মৌসুমী বায়ুর অক্ষের বর্ধিতাংশ পাঞ্জাব, হরিয়ানা, উত্তর প্রদেশ, বিহার, লঘুচাপের কেন্দ্রস্থল ও বাংলাদেশ হয়ে আসাম পর্যন্ত বিস্তৃত রয়েছে। মৌসুমী বায়ু বাংলাদেশের উপর সক্রিয় এবং উত্তর বঙ্গোপসাগরে প্রবল অবস্থায় রয়েছে।

পূর্বাভাসঃ

প্রথম দিন (১৬.০৮.২০২৪ তারিখ সন্ধ্যা ০৬ টা থেকে):

বৃষ্টিপাত: খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের অধিকাংশ জায়গায় এবং রংপুর, রাজশাহী, ঢাকা ও ময়মনসিংহ বিভাগের অনেক জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারী ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের কোথাও কোথাও মাঝারী ধরনের ভারী থেকে অতি ভারী বর্ষণ হতে পারে।

তাপমাত্রা: সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা (১-৩) ডিগ্রী সে. হ্রাস পেতে পারে।

দ্বিতীয় দিন (১৭.০৮.২০২৪ তারিখ সন্ধ্যা ০৬ টা থেকে):

বৃষ্টিপাত: ঢাকা, ময়মনসিংহ, খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের অধিকাংশ জায়গায় এবং রংপুর ও রাজশাহী বিভাগের অনেক জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারী ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে ঢাকা, ময়মনসিংহ, খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের কোথাও কোথাও মাঝারী ধরনের ভারী থেকে অতি ভারী বর্ষণ হতে পারে।

তাপমাত্রা: সারাদেশে দিন ও রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

তৃতীয় দিন (১৮.০৮.২০২৪ তারিখ সন্ধ্যা ০৬ টা থেকে):

বৃষ্টিপাত: ঢাকা, ময়মনসিংহ, খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের অধিকাংশ জায়গায় এবং রংপুর ও রাজশাহী বিভাগের অনেক জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারী ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে ঢাকা, খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের কোথাও কোথাও মাঝারী ধরনের ভারী থেকে ভারী বর্ষণ হতে পারে।

তাপমাত্রা: সারাদেশে দিন ও রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

বর্ধিত ৫ (পাঁচ) দিনের আবহাওয়ার অবস্থা: বৃষ্টিপাতের প্রবনতা অব্যাহত থাকতে পারে।

গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):

বিভাগের নাম	ঢাকা	রাজশাহী	রংপুর	ময়মনসিংহ	সিলেট	চট্রগ্রাম	খুলনা	বরিশাল
সর্বোচ্চ তাপমাত্রা	৩৫.২	৩৫.২	৩৬.২	৩৫.০	৩৬.৪	৩৫.০	৩৫.০	৩৩.৫
সর্বনিম্ন তাপমাত্রা	২৩.৪	২৬.৫	২৫.২	২৫.০	২৪.৭	২৪.৮	২৭.০	২৫.৫

গতকাল দেশের সর্বোচ্চ তাপমাত্রা ছিল শ্রীমঙ্গল ৩৬.৪^{o} সে. এবং আজকের সর্বনিম্ন তাপমাত্রা টাঙ্গাইল ২৩.৪^{o} সে।

(তথ্যসূত্রঃ বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, ঢাকা)।

৪। এক নজরে নদ-নদীর পরিস্থিতি ও পূর্বাভাসঃ

(০১লা ভাদ্র, ১৪৩১ বঙ্গাব্দ/১৬ আগস্ট, ২০২৪ খ্রিঃ)

- ব্রহ্মপুত্র নদের পানি সমতল স্থিতিশীল আছে, অপরদিকে যমুনা নদীর পানি সমতল বৃদ্ধি পাচ্ছে। আগামী ৪৮ ঘন্টায় ব্রহ্মপুত্র নদের পানি সমতল হ্রাস পেতে পারে এবং যমুনা নদীর পানি সমতল স্থিতিশীল হয়ে আসতে পারে।
- গঙ্গা-পদ্মা নদীর পানি সমতল বৃদ্ধি পাচ্ছে, যা আগামী ৪৮ ঘন্টা পর্যন্ত অব্যাহত থাকতে পারে।
- দেশের উত্তর-পূর্বাঞ্চলের মনু-খোয়াই নদী ব্যাতীত অন্যান্য প্রধান নদীসমূহের পানি সমতল সামগ্রিকভাবে হ্রাস পাচ্ছে। আগামী ২৪ ঘন্টায় উত্তর-পূর্বাঞ্চলের সকল প্রধান নদীসমূহের পানি সমতল সামগ্রিকভাবে হ্রাস পেতে পারে।
- আবহাওয়া সংস্থাসমূহের তথ্য অনুযায়ী, আগামী ৪৮ ঘন্টায় দেশের দক্ষিণ-পূর্বাঞ্চলে ভারি বৃষ্টিপাতের পূর্বাভাস থাকায় এ সময় এ অঞ্চলের মুহুরি, ফেনী, হালদা, সাঙ্গু, কর্ণফুলী, মাতামুহুরিসহ অন্যান্য প্রধান নদীসমূহের পানি সমতল সময় বিশেষে দ্রুত বৃদ্ধি পেতে পারে।

পানি সমতল ও বৃষ্টিপাত:

বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত স্টেশন: নেই।

বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত নদীর নাম	বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত পানি সমতল স্টেশনের নাম	বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত পানি সমতল জেলার নাম	মৌসুমী বিপদসীমা (মিটার)	আজকের পানি সমতল (মিটার)	বিগত ২৪ ঘন্টায় বৃদ্ধি(+)/হ্রাস(-) (সে.মি.)	মৌসুমী বিপদসীমার উপরে (সে.মি.)
-	-	-	-	-	-	-

গত ২৪ ঘন্টায় উল্লেখযোগ্য বারিপাত তথ্য

বাংলাদেশের অভ্যন্তরে:

স্টেশন	বারিপাত (মি.মি.)	স্টেশন	বারিপাত (মি.মি.)
লাটু (সিলেট)	১৫০.০	দক্ষিণবাগ (সিলেট)	১০৪.০
লালাখাল (সিলেট)	৬৮.০	জকিগঞ্জ (সিলেট)	৬০.০
সুনামগঞ্জ	৫০.০	ছাতক (সুনামগঞ্জ)	৩৯.০

ভারতের উত্তর পূর্বাঞ্চলের সিকিম, অরুণাচল, আসাম, মেঘালয় ও ত্রিপুরা অঞ্চলেঃ

স্টেশন	বারিপাত (মি.মি.)	স্টেশন	বারিপাত (মি.মি.)
মনুঘাট (ত্রিপুরা)	৭৬.০	গোয়াহাটি (আসাম)	৫০.০
আইজল (মিজোরাম)	২৭.০	কুমারঘাট (ত্রিপুরা)	২৫.০

নদ-নদীর অবস্থা

পর্যবেক্ষণাধীন পানি সমতল স্টেশন	১১০	গেজ স্টেশন বন্ধ আছে	০০
বৃদ্ধি	৫৭	গেজ পাঠ পাওয়া যায়নি	০০
হ্রাস	৪৮	মোট তথ্য পাওয়া যায়নি	০০
অপরিবর্তিত	০৫	বিপদসীমার উপরে স্টেশন সংখ্যা	০০
বন্যা আক্রান্ত জেলার সংখ্যা	০০	**বিপদসীমার উপরে নদীর সংখ্যা**	০০
বিপদসীমার উপরে নদীসমূহের নাম			

৫। অগ্নিকান্ড সম্পর্কিত তথ্যঃ

(ক) ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য (মোবাইল এসএমএস) থেকে জানা যায়, ১৫ আগস্ট, ২০২৪ খ্রিঃ তারিখ রাত ১২.০০টা থেকে ১৬ আগস্ট, ২০২৪ খ্রিঃ তারিখ রাত ১২.০০ টা পর্যন্ত সারাদেশে মোট ১০ টি অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। বিভাগ ভিত্তিক অগ্নিকান্ডে নিহত ও আহতের সংখ্যা নিম্নরুপ:

ক্রঃ নং	বিভাগের নাম	অগ্নিকান্ডের সংখ্যা	আহতের সংখ্যা	নিহতের সংখ্যা
১।	ঢাকা	৩	০	০
২।	ময়মনসিংহ	১	০	০
৩।	বরিশাল	০	০	০
৪।	সিলেট	১	০	০
৫।	রাজশাহী	১	০	০
৬।	চট্টগ্রাম	২	০	০
৭।	খুলনা	১	০	০
৮।	রংপুর	১	০	০
	মোট	১০	০	০

১৬-০৮-২০২৪
জাহিদ হাসান
ভারপ্রাপ্ত কর্মকর্তা
৮৮০-৫৮৮১১৬৫১ (ফোন)
৮৮০-২-৯৮৯১৯২৬ (ফ্যাক্স)
controlroom.ddm@gmail.com

ভারপ্রাপ্ত কর্মকর্তা-১, এনডিআরসিসি অনুবিভাগ , দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।

স্মারক নম্বর:

তারিখ: ১ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ
১৬ আগস্ট ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব-এঁর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ ;
২। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, প্রধানমন্ত্রীর কার্যালয়;
৩। সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, প্রধানমন্ত্রীর কার্যালয়;
৪। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়;
৫। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ;
৬। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর;
৭। বিভাগীয় কমিশনার (সকল);
৮। পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।;
৯। জেলা প্রশাসক (সকল);
১০। উপ-পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর;
১১। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর;
১২। প্রোগ্রামার (চলতি দায়িত্ব), আইসিটি শাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর এবং
১৩। সহকারী পরিচালক (সকল)।

১৬-০৮-২০২৪
জাহিদ হাসান
ভারপ্রাপ্ত কর্মকর্তা